



**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**

**ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Billing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ০২ মার্চ ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

## দীঘিনালায় ইউপিডিএফের চার সদস্যকে গ্রেফতারের নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা সংগঠক অংগ্য মারমা আজ মঙ্গলবার, ২ মার্চ ২০২১ এক বিবৃতিতে দীঘিনালায় সেনাবাহিনী কর্তৃক ইউপিডিএফের চার সদস্যকে গ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি ঘটনার বিবরণ দিয়ে বলেন, আজ ভোররাত সাড়ে ৪টার সময় দীঘিনালা সেনা জোন থেকে একদল সদস্য বানছড়া এলাকা থেকে ইউপিডিএফ'র চার সদস্যকে গ্রেফতার করে নিয়ে যায়। গ্রেফতারকৃতরা হলেন পূর্ণ জীবন চাকমা (৫০), পিতা- জীতেন্দ্র চাকমা, ২. সমর বিকাশ চাকমা (ভালা) বয়স: ৪২, পিতা-চন্দ্রদেব চাকমা, ৩. প্রত্যয় চাকমা (প্রীতি), বয়স:৪৫, পিতা- অরনন্দ চাকমা ও ৪. বিধু ভূষণ চাকমা (৪৮), পিতা- প্রিয় রঞ্জন চাকমা।

বিবৃতিতে তিনি উদ্বেগ প্রকাশ করে বলেন, পার্বত্য চট্টগ্রামে জনগণের অধিকার প্রতিষ্ঠার আন্দোলন দমনের জন্য পরিকল্পিতভাবে ইউপিডিএফ'র ওপর রাজনৈতিক দমন-পীড়ন চালানো হচ্ছে। তারই অংশ হিসেবে নেতা-কর্মীদের অন্যায়ভাবে গ্রেফতার-নির্যাতন, মিথ্যা মামলা দিয়ে বছরের পর বছর কারান্তরীণ রাখা হচ্ছে। এমনকি গণতান্ত্রিক কর্মসূচি পর্যন্ত পালন করতে দেওয়া হচ্ছে না।

তিনি গ্রেফতারকৃতদের কোথায় নিয়ে যাওয়া হয়েছে তা এখনো জানা যায়নি উল্লেখ করে তাদের জীবন নিয়ে আশঙ্কা প্রকাশ করেন।

অংগ্য মারমা অবিলম্বে গ্রেফতারকৃত চার ইউপিডিএফ সদস্যকে নিঃশর্ত মুক্তি দেয়ার দাবি জানান। একই সাথে তিনি পার্বত্য চট্টগ্রামে অন্যায় ধরপাকড় বন্ধসহ সকল ধরনের মানবাধিকার লঙ্ঘন বন্ধের জোর দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)